**ICB ASSET MANAGEMENT COMPANY LIMITED**
**(A Subsidiary of ICB)**

Green City Edge (4th floor) 89, Kakrail, Dhaka-1000, Bangladesh.
Telephone: +88-02-8300412 (Hunting), Fax:+88-02-8300416
E-mail: info@icbamcl.com.bd; Web: www.icbamcl.com.bd

# আইসিবি এএমসিএল পেনশন হোল্ডারস্ ইউনিট ফান্ড এর ১০.০০ (দশ) টাকা লভ্যাংশ ঘোষণা।

আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর ব্যবস্থাপনায় পরিচালিত চাকুরী হতে অবসরপ্রাপ্ত ব্যক্তিবর্গের জন্য নির্ধারিত বিনিয়োগ মাধ্যম আইসিবি এএমসিএল পেনশন হোল্ডারস্ ইউনিট ফান্ড (একটি বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড) এর ট্রাস্টি কমিটির এক সভা ২৬ জানুয়ারি ২০২২, সকাল ১১.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় আলোচ্য ফান্ডের ২০২১-২২ অর্থবছরের প্রথম অর্ধ-বার্ষিক সময়ের অনিরীক্ষিত হিসাব অনুমোদিত হয়।

সভায় ২০২১-২২ অর্থবছরের প্রথম অর্ধ-বার্ষিক সময়ের জন্য **ইউনিট প্রতি ১০.০০ (দশ) টাকা নগদ লভ্যাংশ** ঘোষণা করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরের প্রথম অর্ধ-বার্ষিক সময়ে আলোচ্য ফান্ডে ৩.৬৩ কোটি টাকা নীট মুনাফা অর্জিত হয়েছে এবং ১০০.০০ টাকা অভিহিত মূল্যের ইউনিট প্রতি আয় হয়েছে ২৪.০৩ টাকা। ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে ফান্ড-এর নিবন্ধন বই-এ লিপিবদ্ধ ইউনিট হোল্ডারগণ আলোচ্য লভ্যাংশ প্রাপ্য হবেন। উল্লেখ্য, আলোচ্য মিউচ্যুয়াল ফান্ডে ২০২০-২১ অর্থবছরের প্রথম অর্ধ-বার্ষিক হিসাবের উপর ইউনিট প্রতি ৪.৫০ টাকা এবং চূড়ান্ত হিসাবের উপর ৭.৫০ টাকা মোট ১২.০০ টাকা লভ্যাংশ প্রদান করা হয়েছিল।